

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd



নম্বর ৪৭.৬১.০০০০.২৬১.৩৯.০৩২.৯৫.১৭১

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০
১৫ মে ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মাগুরা জেলাধীন আল-আমিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর নিবন্ধন বাতিল সংক্রান্ত কারণ দর্শানো।

যেহেতু মাগুরা জেলাধীন আল আমিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, (নিবন্ধন নং ১৯/মাগুরা, তারিখ: ১২/৯/২০১১, ১ম সংশোধনী- ০১/মাগুরা, তারিখঃ ২৯/৫/২০১২ ও ২য় সংশোধনী- ১৫/খুলনা, তারিখঃ ০৭/০৮/২০১২) এর কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিলের জন্য জেলা সমবায় কর্মকর্তা, মাগুরা কর্তৃক সুপারিশ করা হয়েছে।

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ৫৩(ঙ) ধারায় অর্পিত ক্ষমতা বলে উক্ত সমবায় সমিতির নিবন্ধন কেন সরাসরি বাতিল করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ০৫/০৬/২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত সময়সীমার মধ্যে কোন সন্তোষজনক জবাব না পাওয়া গেলে সমিতির নিবন্ধন আদেশ সরাসরি বাতিল করা হবে।

২২-৫-২০২৩

মো. মিজানুর রহমান

বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

ফোন: ০২-৪৭৭৭০১৯৮১

ইমেইল: jr.khulna@coop.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) জনাব মোঃ বাবুল আক্তার, সভাপতি, আল আমিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ভায়না মোড়, মাগুরা সদর, মাগুরা।

২) জনাব মোঃ দেলোয়ার হোসেন, সম্পাদক, আল আমিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ভায়না মোড়, মাগুরা

সদর, মাগুরা।

৩) মোঃ সাজেদুল ইসলাম, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (তাকে বর্ণিত কারণ দর্শানো নোটিশটি ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

৪) উপজেলা সমবায় কর্মকর্তা, মাগুরা সদর, মাগুরা। (তাকে সমিতির নিকট কারণ দর্শানোর পত্রটি বিলি করে প্রাপ্তিস্বীকারপত্র এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

৫) জেলা সমবায় কর্মকর্তা, মাগুরা।

৬) জেলা সমবায় কর্মকর্তা, সকল (খুলনা বিভাগ)। (তঁার জেলায় বর্ণিত সমিতির কোন কার্যক্রম বা আর্থিক সংশ্লিষ্টতা থাকলে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)